



## দেড় মাসের শিশুসন্তানসহ কারাগারে যুব মহিলা লীগ নেত্রী



ছবি: সংগৃহীত

বিস্ফোরক আইনে দায়ের করা মামলায় যুব মহিলা লীগ নেত্রী শিল্পী বেগমকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। দেড় মাস বয়সী সন্তান থাকা এবং সম্প্রতি অস্ত্রোপচার হওয়ার বিষয়টি তুলে ধরে জামিন চাওয়া হলেও তা নাকচ করা হয়েছে।

মঙ্গলবার ঢাকার অতিরিক্ত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আওলাদ হোসাইন মুহাম্মদ জোনাইদ শুনানি শেষে এ আদেশ দেন। দুপুরে তাকে আদালতে হাজির করা হলে তদন্ত কর্মকর্তা তাকে কারাগারে আটক রাখার আবেদন করেন।

তদন্ত সংশ্লিষ্ট তথ্য অনুযায়ী, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার সন্ধ্যায় তেজগাঁওয়ের নিজ বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মামলার ঘটনায় তার সম্পৃক্ততার প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে বলে দাবি তদন্ত কর্মকর্তার। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাকে আটক রাখা প্রয়োজন বলেও আদালতে জানানো হয়।

অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী মানবিক দিক তুলে ধরে জামিন প্রার্থনা করেন। তিনি জানান, শিল্পী বেগমের শিশুসন্তান খুবই ছোট এবং তিনি শারীরিকভাবে এখনও পুরোপুরি সুস্থ নন। তবুও আদালত জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আদেশের পর আদালত প্রাসঙ্গে শিশুসন্তানকে নিয়ে কান্নায় ভেঙে পড়েন শিল্পী বেগম। পরে শিশুকে কোলে নিয়েই তাকে হাজতখানায় নেওয়া হয়। মামলার অভিযোগে বলা হয়েছে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এক শিক্ষার্থীকে লক্ষ্য করে হামলা, ভাঙচুর, লুটপাট ও বিস্ফোরণের ঘটনায় তার সংশ্লিষ্টতা রয়েছে।